ই-স্পোর্টসকে ‘স্পোর্টস’ হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দিল বাংলাদেশ সরকার



সংগৃহীত ছবি

বাংলাদেশে ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)কে আনুষ্ঠানিকভাবে ‘স্পোর্টস’ হিসেবে স্বীকৃতি দিয়েছে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। জাতীয় ক্রীড়া পরিষদ আইন-২০১৮ এর ২(২) ও ৬ ধারার আলোকে এই স্বীকৃতি দেওয়া হয়েছে।

গতকাল (১৪ জুলাই) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া শাখা-১ এর সিনিয়র সহকারী সচিব ফয়সাল রায়হান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ ঘোষণা দেওয়া হয়।

এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে দেশের গেমিং ও ই-স্পোর্টস কমিউনিটি।

তবে স্বীকৃতি দিলেও ই-স্পোর্টসের পরিচালনা ও নীতিমালা নির্ধারণে একটি চার সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। আগামী ২১ কর্মদিবসের মধ্যে এই কমিটি একটি প্রস্তাবিত নীতিমালা তৈরির কাজ শেষ করবে।

এই কমিটির আহ্বায়ক করা হয়েছে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সাইফুল ইসলামকে। কমিটির সদস্য হিসেবে থাকবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের যুগ্ম সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির একজন অধ্যাপক এবং জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক (স্পোর্টস), যিনি একইসাথে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির নির্দেশনা অনুসরণ করে সংশ্লিষ্ট সকলের সঙ্গে পরামর্শ করে কমিটি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করবে। প্রয়োজন হলে তথ্যপ্রযুক্তি বিভাগসহ সংশ্লিষ্ট আইন, বিধি ও সরকারি নীতিমালার আলোকে বিশেষজ্ঞদের মতামতও গ্রহণ করা যাবে।

বিশেষজ্ঞদের মতে, ই-স্পোর্টসকে স্পোর্টস হিসেবে স্বীকৃতি দিলে এই খাতে যুক্ত তরুণরা সরকারি সহযোগিতা পাবে এবং আন্তর্জাতিক পর্যায়ে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হবে।